

## বরিশাল মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা

বরিশাল, ১৪ই সেপ্টেম্বর  
(নিজস্ব সংবাদদাতার ফোন)।-  
রুড ধরনের ছাত্র সংঘর্ষ এড়াতে  
আজ অপরাহ্নে বরিশাল মেডি-  
ক্যাল কলেজ কতৃ পক্ষ অনির্দিষ্ট-  
কালের জন্য কলেজ বন্ধ ঘোষণা  
করেছেন। আজ রাতের মধ্যেই  
ছাত্রছাত্রীদের হোস্টেল ভ্যাগের

নির্দেশ দেয়া হয়েছে।  
গত তিনদিন ধাবৎ বরিশাল  
মেডিক্যাল কলেজ ক্যাম্পাসে  
সাধারণ ছাত্র পরিষদের সাথে  
ইসলামী ছাত্র শিবিরের ছোটখাট  
সংঘর্ষ চলছিল। গত রাতে ও  
আজ সকালে কলেজ ক্যাম্পাসে  
কয়েকটি পটকা ফাটানো হয়।  
কলেজ কতৃ পক্ষের আহ্বানে  
ক্যাম্পাসে পুলিশ এসে পরিস্থিতি  
নিয়ন্ত্রণে আনে। কতৃ পক্ষ বিধদ-  
মান ছাত্রদের সংঘর্ষ এড়াতে  
কলেজ বন্ধ ঘোষণা করেছেন।

এ রিপোর্ট লেখা পর্যন্ত প্রায়  
সব ছাত্রছাত্রী হোস্টেল ভ্যাগ  
করেছে।

অপরদিকে আজ বরিশাল  
কলেজ ও সৈয়দ হাতেম আলী  
কলেজ প্রাক্ষেপে সাধারণ ছাত্র  
পরিষদের দুটি ছাত্রসভা অনুষ্ঠিত  
হয়। সভায় ইসলামী ছাত্র শিবির  
কতৃ ক দেশের বিভিন্ন স্থানে  
স্বাধীনতাবিরোধী কার্যকলাপের  
জন্য তাদের দায়িত্ব দাবী করা হয়  
এবং তাদের বিরুদ্ধে সাধারণ  
ছাত্রদের একবন্ধ হওয়ার আহ্বান  
জানানো হয়।

ছাত্র সংঘর্ষের জের

### চাপাইনবাবগঞ্জ সরকারী কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা

চাপাইনবাবগঞ্জ, ১৪ই সেপ্টে-  
ম্বর (নিজস্ব সংবাদদাতার ফোন)।-  
আজ থেকে চাপাইনবাবগঞ্জ সর-  
কারী মহাবিদ্যালয় অনির্দিষ্ট-  
কালের জন্য বন্ধ ঘোষণা করা  
হয়েছে।

গত ৩রা সেপ্টেম্বর কলেজে  
ছাত্র সংগদের নির্বাচন ও অভি-  
ষেককে কেন্দ্র করে ছাত্র শিবির  
(শেষ পৃ: ৩-এর ক: ম:)

ছাত্র সংঘর্ষের জের

(১ম পাতার পর)

ও ছাত্র সংগ্রাম পরিষদের মধ্যে  
যে অপ্রীতিকর ঘটনা ঘটেছিল  
তার জের হিসেবে কলেজ ১৩ই  
সেপ্টেম্বর পর্যন্ত সাময়িকভাবে  
বন্ধ করা হয়েছিল। কিন্তু পরি-  
স্থিতির কোন উন্নতি না হও-  
য়ায় শিক্ষকদের দাবীর প্রেক্ষিতে  
কলেজ আজ থেকে অনির্দিষ্ট-  
কালের জন্য বন্ধ ঘোষণা করা  
হয়।